# জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর সংক্ষিপ্ত পরিচিতি ও ২০২০-২১ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

**১. দপ্তর পরিচিতি :** জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত একটি সরকারি প্রতিষ্ঠান। গ্রন্থাগারটি শেরপুর শহরের প্রাণকেন্দ্রে ১৯২৬ সালে রিডিং ক্লাব নামে (বেসকারিভাবে) যাত্রা শুরু করে। 'জেলা পাবলিক লাইব্রেরি সমূহের উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)'এর মাধ্যমে (১৯৮৭-১৯৯১) গ্রন্থাগারটি সরকারিকরণ করা হয়। ১৯৯১ সালের জুলাই মাস থেকে প্রতিষ্ঠানটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব বাজেটে স্থানান্তরিত হওয়ার মাধ্যমে পূর্ণাঙ্গ সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। বর্তমানে গ্রন্থাগারটি শেরপুর শহরের মাধবপুর মহল্লায় ৩৩ শতাংশ জমির উপর ৫০০০ বর্গফুটের একতলা বিশিষ্ট নিজস্ব ভবনে কার্যক্রম পরিচালনা করছে।

**২. উল্লেখযোগ্য কার্যক্রমঃ** (করোনা ভাইরাসের প্রাদুর্ভাবজনিত কারণে অর্জন কম হয়েছে)

| ক্রমিক | উল্লেখযোগ্য কার্যক্রম | আমাদের অর্জন |
|---|---|---|
| ১ | পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ | গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ১২১৬ টি পুস্তক সংগ্রহ, অন্তর্ভূক্তি রেজিস্ট্রারে তালিকাবদ্ধকরণ, প্রক্রিয়াকরণ ও বিধি মোতাবেক শেলফে সজ্জিত করা হয়েছে। |
| ২ | সদস্য সংগ্রহ | ৩৬ জন নতুন পাঠককে গ্রন্থাগারের সদস্য হিসেবে নিবন্ধিত করা হয়েছে। উল্লেখ্য এপর্যন্ত গ্রন্থাগারের নিবন্ধিত মোট সদস্য সংখ্যা ৭৩০ জন। |
| ৩ | পাঠক সেবা | ২০২০-২১ অর্থবছরে ৩৭০৪ জন সেবাগ্রহীতাকে পাঠক সেবা (বইপাঠ/পুস্তক লেনদেন/রেফারেন্স সেবা/দৈনিক পত্রিকা/সাময়িকী পাঠ/পুরাতন পত্রিকা সেবা) প্রদান করা হয়েছে। |
| ৪ | সম্প্রসারণমূলক সেবা | ২০২০-২১ অর্থবছরে সাতটি (০৭) জাতীয় ও আর্ন্তজাতিক দিবসে মোট বারোটি (১২) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যেগুলোতে মোট ২০৩ জন প্রতিযোগি অংশগ্রহণ করে। |
| ৫ | তথ্য-প্রযুক্তি সেবা | ২০২০-২১ অর্থবছরে মোট ১১৬ জন সেবা গ্রহীতা গ্রন্থাগার থেকে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণ করেছে। |
| ৬ | প্রাতিষ্ঠানিক সেবা | ২০২০-২১ অর্থবছরে সাতটি (০৭) বেসরকারি গ্রন্থাগারকে তালিকাভূক্ত করা হয়েছে। |
| ৭ | ভ্রাম্যমান লাইব্রেরি সেবা | ২০২০-২১ অর্থবছরে 'দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি' প্রকল্পের অধীনে শেরপুর জেলায় ২৭৯২ জনকে বই ধার সেবা প্রদান এবং ৪৪৮ জন নতুন পাঠক সংগ্রহ করা হয়েছে। বর্তমানে জেলার ৫টি উপজেলায় মোট ৪৪ টি স্পটে এই সেবা প্রদান করা হচ্ছে। |
| ৮ | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২১ উদযাপন | যথাযোগ্য মর্যাদায় ০৫ ফেব্রুয়ারি তারিখে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২১ উদযাপন করা হয়েছে। |
| ৯ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জেলা প্রশাসন, শেরপুরের আয়োজনে অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বিভিন্ন বিষয়ে অনলাইন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, আলোচনা সভা ও সেমিনারে অংশগ্রহন করেছে। |
| ১০ | ক্ষুদ্র-ক্ষুদ্র কর্মসূচী | এই কার্যক্রমের আওতায় জাতির পিতার বাণী সম্বলিত ও গ্রন্থাগার সেবা সংক্রান্ত পোস্টার বাঁধাই করে পাঠকক্ষে সংযোজন করা হয়েছে। |
| ১১ | সেবা সহজিকরণ | সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, ইউটিউব) ও ওয়েব পোর্টাল ব্যবহার করে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাদি, প্রতিবেদন, প্রতিযোগিতার বিজ্ঞপ্তি/ফলাফল/খবর প্রচার করা; রেফারেন্স সেবা; গ্রন্থ-পর্যালোচনা, পাঠাভ্যাসে উদ্বুদ্ধ করা ইত্যাদি সেবা সহজে প্রদান করা হচ্ছে। |
| ১২ | বেসরকারি গ্রন্থাগার পরিদর্শন | ২০২০-২১ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুদান প্রদানের লক্ষ্যে শেরপুর জেলার ৪০ টি বেসরকারি গ্রন্থাগার পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ১৩ | বিবিধ | জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন ও গুরুত্বপূর্ণ কার্যক্রমে অংশগ্রহন করা হয়েছে। |

**৩. আইসিটি বিষয়ক তথ্য :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মধ্যে গ্রন্থাগারে ২টি কম্পিউটার, ৪টি কানো কম্পিউটার, ১টি মনিটর ও ৮টি ক্যামেরাসহ ১ সেট সিসি ক্যামেরা সিস্টেম , ২টি মাইক্রোফোন ও ১টি স্পীকারসহ ১ সেট সাউন্ড সিস্টেম, ১টি ট্যাব, ১টি প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি টেলিফোন সেট, ইন্টারনেট

সংযোগসহ ৩টি ওয়াইফাই রাউটার সচল রয়েছে। তাছাড়া অকেজো যন্ত্রাংশের মধ্যে ১টি কম্পিউটার, ১টি ফটোকপি মেশিন, ১টি টেলিভিশন, ২টি টেলিফোন সেট, ২টি প্রিন্টার সংরক্ষিত রয়েছে।

**৪. ই-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তির সংখ্যা :** ২০২০-২১ অর্থবছরে ই-নথিতে মোট ১৪৮ টি পত্র জারি এবং ৮০% নোট নিষ্পত্তি করা হয়েছে।

**৫. উদ্ভাবনী কার্যক্রম :** ২০২০-২১ অর্থবছরে উদ্ভাবনী কার্যক্রমের আওতায় **ডিজিটাল প্রচারণা** (গ্রন্থাগারের সেবা ও কার্যক্রমের উপর ভিডিও ডকুমেন্টারি তৈরি করে ওয়েব পোর্টাল ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার) ও **সেবা সংক্রান্ত পোস্টার বিতরণ** (গ্রন্থাগারের সেবা ও কার্যক্রম সংক্রান্ত পোস্টার মুদ্রণ করে বিভিন্ন প্রতিষ্ঠানে বিতরণ) করা হয়েছে।

**৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন :** করোনা ভাইরাসের প্রাদুর্ভাবজনিত কারণে ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১.১ (পাঠক সেবা) ও ১.২ (গবেষণা ও রেফারেন্স সেবা) নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা পূরণ হয়নি (৬০% এরও কম)। তাছাড়া ১.৪ (প্রতিযোগিতা অনুষ্ঠান) নং কার্যত্রম ৬০% ও ১.৫ (পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও বিধি মোতেবেক সজ্জিত করা) নং কার্যক্রম ৮০% অর্জিত হয়ছে। অন্যান্য কার্যত্রমসমূহ লক্ষ্যমাত্রার ১০০% অর্জিত হয়েছে।

**৭. জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্য :** গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।

**৮. করোনাকালে গৃহীত পদক্ষেপ :** পাঠাভ্যাসে উদ্বুদ্ধ করতে বিভিন্ন অনলাইন মাধ্যমে (ওয়েব পোর্টাল, সামাজিক যোগাযোগ মাধ্যম ও বিভিন্ন অনলাইন ম্যাগাজিন) '**গ্রন্থ পরিচিতি**' ও 'Knowledge Sharing' শিরোনামে ভিডিও প্রচার এবং **গ্রন্থাগার ও বইপাঠ বিষয়ে লাইব্রেরিয়ান জনাব সাজ্জাদুল করিমের লেখা প্রবন্ধ** প্রকাশ।

**৯. উল্লেখযোগ্য ছবি (অনধিক ৩টি) :** সংযুক্ত

**১০. যোগাযোগ :** লাইব্রেরিয়ান,
জেলা সরকারি গণগ্রন্থাগার, মাধবপুর, শেরপুর-২১০০
ফোন : ০৯৩১-৬১৬১৪ (অফিস)
মোবাইল : ০১৭৯০৫৮৮৪৫৮
ইমেইল : dplsherpur@gmail.com (অফিস)
ওয়েবসাইট : publiclibrary.sherpur.gov.bd

২৮/০৬/২০২১
**(সাজ্জাদুল করিম)**
লাইব্রেরিয়ান
ফোন : ০৯৩১-৬১৬১৪
ই-মেইল : dplsherpur@gmail.com